সংবাদ   006

তারিখ ... 28 JUN 1985 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ৭ ...

# চড়া দামে টেক্সট বুক বোর্ডের বই বিক্রি

জামালপুর, ২৫শে জুন (নিজস্ব সংবাদদাতা)।--জামালপুর জেলার সর্বত্র স্কুল টেক্সট বুক বোর্ডের বই চড়া দামে বিক্রি হচ্ছে। পঞ্চম শ্রেণীর যে গণিত বইয়ের বোর্ড নির্ধারিত মূল্য ৫ টাকা ৫০ পয়সা তা বাজারে বিক্রি হচ্ছে ১৪/১৫ টাকায়। বিজ্ঞান বই ২ টাকা ৭০ পয়সার স্থলে ৭/৮ টাকা এবং সমাজ বই নির্ধারিত ২ টাকা ৫৫ পয়সার স্থলে ৮ থেকে ১০ টাকা দামে বিক্রি হচ্ছে। উপ-জেলাগুলোতে এসব বিষয়ের বইগুলো আরো বেশী দামে বিক্রি হচ্ছে।

স্কুল টেক্সট বুক বোর্ড কর্তৃক অনুমোদিত জামালপুর জেলা সদরের তিনটি নির্ধারিত দোকানেও এসব বিষয়ের বইগুলো পাওয়া যাচ্ছে না। ফলে অভিভাবকদেরকে বাধ্য হয়ে খোলা-বাজার থেকে চড়া দামে এসব বই কিনতে হচ্ছে।

স্থানীয় বই ব্যবসায়ীরা জানান যে, তারা বোর্ডের নির্ধারিত দামে কোন বই পাননি। ঢাকার কালো-বাজার থেকে তাদেরকে চড়া দামে এ সব বই কিনতে হয়েছে। সে জন্য তাদেরকেও বেশী দামে বিক্রি করতে হচ্ছে।

স্কুল টেক্সট বুক বোর্ডের নিয়ম অনুসারে প্রথম থেকে চতুর্থ শ্রেণী পর্যন্ত প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে বিনামূল্যে বিতরণকৃত পাঠ্যপুস্তক ছিঁড়ে গেলে বা হারিয়ে গেলে তা ন্যায্য-মূল্যে পাওয়ার জন্য সরকারী ব্যবস্থা রয়েছে। কিন্তু এক্ষেত্রেও ছাত্রছাত্রীদেরকে নির্ধারিত দামের চেয়ে অনেক চড়া দরে এ সব বই ক্রয় করতে হচ্ছে।

বোর্ডের বই নির্ধারিত দামের চেয়ে অনেক বেশী দামে কালো-বাজারে বিক্রি হওয়া সম্পর্কে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করা হলে তারা এ বিষয়ে কিছু জানেন না বলে জানান।

এদিকে চলতি শিক্ষাবর্ষের প্রায় ছ'মাস পেরিয়ে গেলেও বকশীগঞ্জ উপজেলার প্রাথমিক ছাত্রছাত্রীরা (১ম শ্রেণী থেকে ৪র্থ শ্রেণী) এখনও তাদের নির্ধারিত পাঠ্যপুস্তক পায়নি। এ বিষয়ে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার নিকট জানতে চাওয়া হলে তিনি বলেন যে, সাম্প্রতিক অতিবৃষ্টি ও বন্যার কারণে বকশীগঞ্জ উপজেলার প্রাথমিক ছাত্রছাত্রীদের জন্য পাঠ্যপুস্তক এখন পর্যন্ত পাঠানো সম্ভব হয়নি। পরিস্থিতির উন্নতি হলেই বকশীগঞ্জ উপজেলার প্রাথমিক বিদ্যালয়গুলোতে পাঠ্যপুস্তক পাঠানোর ব্যবস্থা নেয়া হবে।